

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৫২৮

তারিখঃ ১০/০৬/২০১৮ খ্রিঃ

বিষয় : সোনালী ব্যাংক লি: ভোলাহাট শাখা হতে ঝাউবোনা মডেল টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট এর বেতন ভাতাদী ছাড়করনের অনুমতিপত্র/ তাগাদপত্র ইস্যু প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝাউবোনা মডেল টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট এ কর্মরত শিক্ষক-কর্মচারীগনের বেতন-ভাতাদী ছাড় করনের জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পরিচালক এমপিও মহোদয়ের মর্জি কামনা করে প্রতিষ্ঠানের অধ্যক্ষ অত্র দপ্তরে একটি আবেদন দাখিল করেন। তার দাখিলকৃত আবেদনের সার সংক্ষেপ অনুযায়ী-

- প্রতিষ্ঠানটি ২০১০ সালে এমপিওভুক্ত হওয়ার পর হতে নিয়মিতভাবে শিক্ষক-কর্মচারীগন বেতন-ভাতাদী পেয়ে আসছিল। ব্যবস্থাপনা কমিটি গঠন এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ অব্যহতি দেওয়া নিয়ে জটিলতা দেখা দিলেও বর্তমানে সকল জটিলতার অবসান হয়েছে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে নিয়মিত কমিটির ১৪/০২/২০১৮ইং তারিখ অনুমোদন পাওয়া গেছে যার স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.০৬.৮৩৭১.১৮/৩০৮ মর্মে উল্লেখ করেছেন।
- জনৈক অভিভাবক কমিটির উপর নিষেধাজ্ঞা চেয়ে চাঁপাইনবাবগঞ্জ জেলার সহকারী জর্জ (ভোলাহাট) আদালতে মামলা করলে বিজ্ঞ আদালত কমিটির কার্যক্রম চালিয়ে যাওয়ার পক্ষে সম্মতি প্রদান করেছেন মর্মে আবেদনকারী উল্লেখ করেন।
- এতদ্বসংক্রান্ত সকল কাগজপত্রাদি আপনার (সোনালী ব্যাংক লি:, ভোলাহাট) শাখায় জমা দেওয়ার পরও আপনি সভাপতি জনাব মোঃ আইয়ুব আলী এবং অধ্যক্ষ মোঃ রবিউল ইসলাম এর যৌথ স্বাক্ষরে বেতন-ভাতাদী ছাড় করছেন না বিধায় মানবিক কারনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে পরিচালক (এমপিও) মহোদয়ের মর্জি কামনা করেন।

এমতাবস্থায় উক্ত আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১। ব্যবস্থাপক

সোনালী ব্যাংক লি: ভোলাহাট শাখা

ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৫২৮(৯)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।

২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।

৪। সভাপতি, ঝাউবোনা মডেল টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।


৫। অধ্যক্ষ, ঝাউবোনা মডেল টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

৬। আইন কর্মকর্তা, আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৮। পি.এ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। সংরক্ষণ নথি।



(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এম.পি.ও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।